দৈনিক সংবাদ

তারিখ 11 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

# ঢাকা মেডিক্যাল কলেজ ৫০ বর্ষপূর্তি উৎসব শুরু, পরবর্তী কর্মসূচি স্থগিত

(মেডিক্যাল রিপোর্টার)

গতকাল বুধবার ঢাকা মেডিক্যাল কলেজের পঞ্চাশ বর্ষপূর্তি উৎসব শুরু হয়েছে। জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীতের পর, বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন স্বাস্থ্যমন্ত্রী সালাহউদ্দিন ইউসুফ।

উদ্বোধনী ভাষণে মন্ত্রী বলেন, বিএমএ এবং অন্যান্য স্বাস্থ্য সংস্থার সাথে আলোচনার ভিত্তিতে স্বাস্থ্যনীতি প্রণয়ন করা হবে। এ অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ঢাকা মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ লেঃ কর্নেল (অবঃ) ডাঃ এ, এফ, এস বোরহান উদ্দীন, বর্তমান অধ্যক্ষ এম, এ হাদী, অধ্যাপিকা নাজমুন নাহার, ছাত্র সংসদের সহ-সভাপতি তৌহিদুল ইসলাম জন এবং সাধারণ সম্পাদক নূরুজ্জামান খসরু।

উদ্বোধনী ভাষণের পর একটি বর্ণাঢ্য র‍্যালি মেডিক্যাল কলেজ প্রাঙ্গণ থেকে বেরিয়ে পিজি হাসপাতাল, প্রেস ক্লাব হয়ে কলেজে এসে শেষ হয়।

## কর্মসূচি স্থগিত

সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন পরিষদের মহাসচিব অধ্যাপিকা নাজমুন নাহার এক বিবৃতিতে জানান, অনিবার্য কারণবশত অনুষ্ঠানমালা স্থগিত করা হয়েছে এবং অনুষ্ঠানমালার পরবর্তী কর্মসূচি সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।